

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তালতলী, বরগুনা।



উপজেলা আশ্রয়ণ বিষয়ক টাঙ্কফোর্স কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব এস.এম সাদিক তানভীর, উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা।
সময় : বেলা ১২:০০ ঘটিকা।
সভার তারিখ : ২১.১১.২০২২ খ্রি.।
স্থান : উপজেলা পরিষদের “পায়রা” সম্মেলন কক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা- “পরিশিষ্ট-ক”

সভার প্রারম্ভে উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। তালতলী উপজেলায় মুজিব শতবর্ষ উপলক্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের গৃহ প্রদানের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ প্রকল্প-২ এর আওতায় এ উপজেলায় ৩য় পর্যায়ের চলমান গৃহ নির্মাণ কার্যক্রম এবং ৪র্থ পর্যায়ে প্রাপ্ত নতুন ৭৫টি গৃহ বরাদ্দ ও নির্মাণ কাজ বাস্তবায়নের অংশ হিসেবে গৃহহীন-ভূমিহীন যাচাই-বাছাই কার্যক্রম ও জমি নির্বাচন, গুচ্ছ আশ্রয়ণগুলোতে সমবায় সমিতি গঠন সংক্রান্ত বিষয়াদি সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।


ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	(১.১) 'ক' শ্রেণি পরিবারের পুনর্বাসনের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়, আশ্রয়ণ-২ প্রকল্প কর্তৃক ৪র্থ পর্যায়ে এ উপজেলায় ৭৫টি গৃহ বরাদ্দ পাওয়া যায়।	(১.১) নিশানবাড়িয়া ইউনিয়নের খোটারচর এলাকার খাস জমিতে মাটি ভরাট করে আশ্রয়ণ প্রকল্প কাজ শুরু করা হবে। খোটার চর এলাকাটি তালতলী উপজেলার সবচেয়ে বড় বাজার তালতলী বাজারের অতি সন্নিকটে এবং চরের চতুরপার্শ্বে বিএডিসি কর্তৃক উঁচু বাধ থাকায় স্বাভাবিক/পূর্ণিমার জোয়ারে বন্যা মুক্ত থাকে বিধায় আশ্রয়ণ প্রকল্পের জন্য স্থানটি অত্যন্ত উপযুক্ত। (১.২) জমিতে মাটি ভরাটের জন্য অবশ্যই ড্রেসারের বালু ব্যবহার করতে হবে যেন কম্পেরাশনে দ্রুত সম্পন্ন করে নির্মাণ কাজ দ্রুত করা যায়। (১.৩) খাসজমিতে যারা অবৈধভাবে বসবাস করছে তাদের অপসারণ করা হবে এবং তাদের মাঝে ক-শ্রেণির ভূমিহীন পরিবারের উপযুক্ত কেউ থাকলে তাদের নতুন তালিকায় অন্তর্ভুক্ত করা হবে। (১.৪) উক্ত ৩০জন উপকারভোগীদের মধ্যে কেউ আশ্রয়ণের উক্ত নির্বাচিত স্থানে যেতে রাজি কি না তা যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। আর যদি কেহ আশ্রয়ণে যেতে না চায় প্রত্যয়ন সাপেক্ষে তাকে উক্ত তালিকা থেকে বাদ দেয়া হবে এবং পরবর্তীতে কোন নতুন ভূমিহীন ও গৃহহীন পরিবার চিহ্নিত করা গেলে সেই পরিবারকে স্থলাভিষিক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল সংশ্লিষ্ট সকল

[Handwritten signature]

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০২	(২.১) ২য় ও ৩য় পর্যায়ের ঘরের কবুলিয়ত ও নামজারী সম্পর্কে ব্যাপক আলোচনা করা হয়।	(২.১) ৩য় পর্যায়ের ৫০টি ঘরের কবুলিয়ত ও নামজারী সম্পন্ন হয়েছে এবং ২য় পর্যায়ের যে সকল ঘরের কবুলিয়ত ও নামজারী এখনো সম্পন্ন হয়নি তা অতি দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), তালতলী, বরগুণাকে অনুরোধ জানানো হয়। (২.২) কবুলিয়ত প্রদান করা হয় নি এমন জরাজীর্ণ পুরাতন আশ্রয়ণের ঘর/ব্যারাক অপসারণ/নিলাম পূর্বক সেই স্থানে নতুন করে গৃহ নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হবে। (২.৩) ১ম ও ২য় পর্যায়ের যে সকল ঘরে কোন মানুষ থাকে না, ব্যবহার উপযোগী যে সকল ঘরে নতুন উপকারভোগী পুনর্বাসনের জন্য জেলা প্রশাসকের অনুমতি চেয়ে পত্র প্রেরণ করতে হবে।	সহকারী কমিশনার (ভূমি), তালতলী, বরগুণা।
০৩	(৩.১) ১ম, ২য় ও ৩য় পর্যায়ের ঘরে শতভাগ বিদ্যুৎ সংযোগ নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা করা হয়।	(৩.১) আশ্রয়ণ প্রকল্পের আওতায় নির্মিত যে সকল ঘরে এখনো বিদ্যুৎ সংযোগ দেয়া হয়নি অতি দ্রুত সংযোগ স্থাপনের জন্য ডিজিএম পল্লী বিদ্যুত সমিতি, কলাপাড়া জোনকে তাদের তালিকাসহ তাগিদ প্রদান করা হবে।	ডিজিএম, পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
০৪	(৪.১) আশ্রয়ণ প্রকল্পের নির্মিত ঘর সমূহে সংযোগ সড়ক নির্মাণ।	(৪.১) তালতলী উপজেলায় নির্মিত আশ্রয়ণ প্রকল্পের সংযোগ সড়ক অন্তর্ভুক্ত করা যায় তার সম্ভাবতা যাচাইপূর্বক উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তালতলী ব্যবস্থা গ্রহণ করবেন।	উপজেলা প্রকৌশলী এলজিইডি তালতলী
০৫	আশ্রয়ণের পতিত জমি আবাদযোগ্য করে চাষাবাদ করার বিষয়ে সভাপতি উপস্থিত সকল সদস্যদের সাথে ব্যাপক আলোচনা করেন।	(৫.১) প্রত্যেক আশ্রয়ণ প্রকল্পের চারপাশের পতিত খালি জায়গায় দানাদার/সবজি/ফলজ বৃক্ষ চাষের আওতায় আনতে হবে। আশ্রয়ণ প্রকল্পসমূহের একখন্ড জমিও যেন অনাবাদি না থাকে তার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, তালতলী ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা, তালতলী
০৬	(৬.১) বিবিধ আলোচনা (উপকারভোগীদের শিশুদের শিক্ষা নিশ্চিত, স্বাস্থ্যসেবা প্রদান ও উপজেলার বিভিন্ন প্রশিক্ষণে অন্তর্ভুক্ত করা ইত্যাদি)	(৬.১) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তালতলী, বরগুণাকে এ উপজেলা নির্মিত আশ্রয়ণ প্রকল্পে বসবাসকৃত জনগোষ্ঠীকে স্বাস্থ্য সচেতন ও বাল্য বিবাহ প্রতিরোধ করতে ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্যকর্মীর মাধ্যমে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়। (৬.২) উপকারভোগীদের নিয়ে সমবায় সমিতি গঠন করতে হবে ও পরিবার পরিকল্পনা সকল কার্যক্রমে অংশগ্রহণ করাতে হবে এর জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। (৬.৩) নির্মিত আশ্রয়ণের সকল শিশুর শিক্ষা নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের অনুরোধ জানানো হয়। (৬.৪) আশ্রয়ণের যুব পুরুষ-নারীদের উপর্যুক্ত কারিগরি ও আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণ শেষে ঋণ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তালতলীকে অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট সকল

(Signature)

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পর্যায়ে কর্মকর্তাবৃন্দ ও ইউপি চেয়ারম্যানগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



22/12/2022

(এস.এম. সাদিক তানভীর)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

আশ্রয়ণ বিষয়ক উপজেলা টাঙ্কফোর্স কমিটি
তালতলী, বরগুনা।

স্মারক নং-০৫.১০.০৪৯২.০০০.২৩.০৩৫.২১-১২১০

তারিখ: ২২.১২.২০২২ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো -

০১। মাননীয় সংসদ সদস্য, বরগুনা-০১ (১০৯)।

০২। বিভাগীয় কমিশনার, বরিশাল।

০৩। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), আশ্রয়ন-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

০৪। জেলা প্রশাসক, বরগুনা।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা।

০৬। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তালতলী, বরগুনা।

০৭। উপজেলা কৃষি কর্মকর্তা, তালতলী, বরগুনা।

০৮। অফিসার ইনচার্জ, তালতলী থানা, বরগুনা।

০৯। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তালতলী, বরগুনা।


১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তালতলী, বরগুনা।

১১। উপজেলা.....কর্মকর্তা, তালতলী, বরগুনা।

১২। চেয়ারম্যান.....ইউপি, তালতলী, বরগুনা।

১৩। জনাব সদস্য, আশ্রয়ণ বিষয়ক উপজেলা টাঙ্কফোর্স কমিটি, তালতলী।

১৪। অফিস কপি।



22/12/2022

(এস.এম. সাদিক তানভীর)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

আশ্রয়ণ বিষয়ক উপজেলা টাঙ্কফোর্স কমিটি
তালতলী, বরগুনা।